

## ডিআইইউ'তে ১৫শ' শিক্ষার্থীর মাঝে ল্যাপটপ বিতরণ

তথ্যপ্রযুক্তির অভিকাশের সঙ্গে প্রতিটি শিক্ষার্থীকে যুগোপযোগী করে তুলতে এবং প্রতিযোগীতা মূলক চাকরি বাজারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'একজন ছাত্র একটি ল্যাপটপ' প্রকল্পের নিয়মিত কর্মসূচীর অংশ হিসাবে ১৯তম পর্বে গতকাল বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি'র শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ১৫০০টি সপ্তম প্রজন্মের ডিসেল ব্র্যান্ডের ল্যাপটপ বিতরণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খানের সভাপতিত্বে প্রধান অতিথি



হিসাবে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ল্যাপটপ বিতরণ করেন বাংলাদেশ জাতীয় সংসদের ঢাকা ১০ আসনের এমপি ব্যারিষ্ঠার শেখ ফজলে নূর তাপস, এম পি। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইউশুফ এম ইসলাম, উপ- উপাচার্য প্রফেসর ড. এস এম মাহাবুবুল হক মজুমদার। ল্যাপটপ প্রদানের পূর্বে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ হামিদুল হক খান একাডেমিক ও শিক্ষা কার্যক্রমে ল্যাপটপের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার প্রত্যয়ে শিক্ষার্থীদের শপথবাক্য পাঠ করান।